

মোনোগ্রাফে সুভাষ-তর্পণ অকাদেমির

নিজস্ব সংবাদদাতা

তাঁর জীবন, সময়, সাহিত্যকর্ম মলাট-বন্দি হতে চলেছে একযোগে। সুভাষ মুখোপাধ্যায়ের মোনোগ্রাফ তৈরির কাজে হাত দিচ্ছে সাহিত্য অকাদেমি। বুধবার সকালে সুভাষ মুখোপাধ্যায়ের জন্মশতবার্ষিকী উপলক্ষে এক আলোচনাচক্রে অকাদেমির সচিব কে শ্রীনিবাস রাও জানান, শীঘ্রই এই মোনোগ্রাফ প্রকাশিত হবে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের চন্দ্রমুখী কাদহিনী সভাগৃহে এ দিন তিনি বলেন, “সুভাষ মুখোপাধ্যায়ের লেখালেখির উপরে বিশ্লেষণমূলক একটি বইও প্রকাশ করবে অকাদেমি।”

এ দিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাহিত্য অকাদেমির উপ-সভাপতি মাধব কৌশল, অকাদেমির বাংলা উপদেষ্টা পর্বদের আহ্বায়ক সুবোধ সরকার, বিশিষ্ট ওড়িয়া কবি জয়ন্ত মহাপাত্র, কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সোনালি চক্রবর্তী বন্দ্যোপাধ্যায়, কলকাতা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দেবাশিস দাশ, অধ্যাপক স্বপন চক্রবর্তী প্রমুখ। মাধব কৌশল বলেন, “সুভাষ মুখোপাধ্যায়ের কবিতার অনুবাদ করা খুব কঠিন। তাঁর ভাষা সাধারণ মানুষের মুখের কথার মতো। সুভাষের কবিতা মানুষের সামনে তুলে ধরতে অকাদেমি আরও উদ্যোগী হবে।”

বর্তমান সময়ে সুভাষ মুখোপাধ্যায়ের কবিতা আরও বেশি প্রাসঙ্গিক বলে মনে করেন কবি সুবোধ সরকারও। তাঁর মতে, “ভারতবর্ষ যে সামাজিক অসহিষ্ণুতার মধ্যে দিয়ে যাচ্ছে তাতে সুভাষের কবিতা খুব দরকার। চলিত ভাষায় লেখা তাঁর কবিতা মানুষের মনের ভিতরে ঢুকে একটা দরজা খুলে দিয়েছিল।” মোনোগ্রাফ লেখার কাজটি তিনি করছেন বলে জানান সুবোধবাবু। তাতে সুভাষ মুখোপাধ্যায়ের কবিতার সমকালীনতার দিকটাতেই জোর দিচ্ছেন তিনি।

কবিকে নিয়ে অনেকের ব্যক্তিগত স্মৃতিও এ দিনের আলোচনায় উঠে আসে। সুবোধ বলেন, “আমি গুঁর বাড়ি গিয়ে দেখেছি, উনি একা একা লিখছেন। সঙ্গী দুই বেড়াল ধুলো আর বালি। সুভাষ লিখছেন, লেখা পছন্দ না-হলে কাগজ ছিঁড়ে গোপলা পাকিয়ে ফেলে দিচ্ছেন। সেই কাগজের বল নিয়ে খেলছে তাঁর দুই বেড়াল।”